



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।

Email: crmrajibari@krishibank.org.bd

ফোন : ০২-৪৭৮৮০৭৪৬৯



বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে দ্বিতীয় ত্রৈমাসিক কমিটির সভায় মতামত ও গৃহীত সিদ্ধান্ত।

COVID-19 সংক্রমণ রোধকল্পে স্বাস্থ্যবিধি পরিপালন সর্বোচ্চ অগ্রাধিকার

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চলের অংশীজনের অংশগ্রহণে দ্বিতীয় ত্রৈমাসিক সভা অদ্য ২৩-০১-২০২১ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৪.৩০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক কার্যালয়ে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সকল সদস্য, মূলধর শাখার ব্যবস্থাপক, একজন মাঠকর্মী ও একজন সম্মানিত গ্রাহকের উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন জনাব মোশারফ হোসেন, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে দ্বিতীয় ত্রৈমাসিক সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত বাস্তবায়নঃ

- গণী জনের অংশ গ্রহনে গনশুনানী ও ফিডব্যাক মিটিং আগামী ৩০.০৯.২০২১ইং তারিখে অনুষ্ঠিত হয়েছে;
- নাগরিক অডিট বোর্ড সকল শাখায় স্থাপন নিশ্চিত করতে হবে, সেখানে ঋণ গ্রহীতার নাম, ঠিকানা, ঋণের খাত ও গৃহীত ঋণের পরিমাণ লেখা থাকবে, পুনঃ পরামর্শ দেয়া হলো;
- শাখা পর্যায়ে শাখার সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে,যেহেতু সকল শাখা এখন অনলাইনের আওতায় তাই আমাদের যে সকল নতুন নতুন সেবা চালু রয়েছে তা গ্রাহকগণকে অবহিত করা হচ্ছে;(মোঃ মিজানুর রহমান, কর্মকর্তা)
- অত্র মুখ্য অঞ্চলের ১৩টি শাখার মধ্যে ১৩ টি শাখাই ইতোমধ্যে অর্ধবার্ষিক পরিদর্শন সম্পন্ন করা হয়েছে;
- অত্র মুখ্য অঞ্চলের ১৩টি শাখার মধ্যে ১৩ টি শাখাতেই ঋণ গ্রহীতাদের সাথে দ্বি-পাক্ষিক আলোচনা সম্পন্ন করা হয়েছে;
- অত্র মুখ্য অঞ্চলের ১৩টি শাখার মধ্যে ১৩ টি শাখাতেই প্রকাশ্যে ঋণ বিতরণ করা হয়েছে।

সিদ্ধান্তঃ

- নিজেকে সঠিকভাবে পরিচালনা করলেই সকল দিক দিয়ে শুদ্ধতা অর্জন করা সম্ভব। কায়িক পরিশ্রমের মাধ্যমেই সফলতা অর্জন সম্ভব;(প্রশান্ত কুমার দাস, সহকারী মহাব্যবস্থাপক)
- আমানত বৃদ্ধির জন্য প্রতিটি শাখার কর্মকর্তা(কাশ) গণকে তাদের আচরণ বিধি পরিবর্তন করতে হবে। ভাল সেবা ও ভাল ব্যবহার করলে আমানত বৃদ্ধি পাবে;(মোছাঃ আয়েশা খাতুন, উর্দ্ধতন কর্মকর্তা)
- অফিসের ব্যবহারযোগ্য জিনিসপত্র নিজের বাসার জিনিসপত্র মনে করে ব্যবহার করতে হবে এতে করে ব্যাংকের আর্থিক ক্ষতি কম হবেএবং শাখার প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয়ের ক্ষেত্রে সততা ও স্বচ্ছতার সাথে ক্রয় করতে হবে;(মোঃ মিজানুর রহমান, কর্মকর্তা)
- বিকেবি, মূলধর শাখার ভবনের আয়তন কম হওয়ায় গ্রাহকদের সেবা প্রদানে খুবই সমস্যা হয়, কারন এখন গ্রাহক সংখ্যা বৃদ্ধি পেয়েছে এ কারনে বেশি আয়তন বিশিষ্ট ভবনে স্থানান্তর করা প্রয়োজন;(মুর্তজা আলী, কর্মকর্তা, মূলধর শাখা)
- বিকেবি, মূলধর শাখার সম্মানিত সিসি ঋণ গ্রহীতা জনাব মোঃ শাহজাহান শেখ বলেন শাখার ঋণ বিতরণের কার্যক্রমে আমি খুবই সন্তুষ্ট। শাখার সকল কর্মকর্তা খুবই ভাল তাদের সেবার মান অনেক ভাল। শাখা অনলাইন হওয়ায় ব্যাংকের উর্দ্ধতন কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। সিসি ঋণ গ্রহীতাদের সাথে ব্যাংক থেকে সব সময় তদারকি করলে ভাল হয়। গ্রাহক সেবা পেতে কোন রকম হয়রানির সম্মুখীন হতে হয় না। শাখার সার্বিক কার্যক্রম ও পরিবেশ ভাল; এবং
- বিকেবি, মূলধর শাখার ব্যবস্থাপক জনাব মোঃ জিল্লুর রহমান জানান আমানতকারী ও রেমিট্যান্স গ্রহীতাদের একটি কার্ড করে দিতে পারলে তাদেরকে সার্ভিস দিতে সুবিধা হয় এবং দ্রুত সেবা দেয়া যায়। সিআইএফ এর কাজ ইতিমধ্যে ৩০% অর্জন হয়েছে। ব্যবস্থাপকদের আপ্যায়ন ভাতা আরো বাড়ানো প্রয়োজন কারন প্রতিটি শাখায় আমানতকারী ও রেমিট্যান্স গ্রহীতা বৃদ্ধি পেয়েছে। শাখায় টাকা গণনা মেশিন বিশেষ প্রয়োজন।

প্রশান্ত কুমার দাস
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
সহকারী মহাব্যবস্থাপক

মোঃ মিজানুর রহমান
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
কর্মকর্তা

মোছাঃ আয়েশা খাতুন
সদস্য, আঞ্চলিক নৈতিকতা
কমিটি
ও
উঃ কর্মকর্তা

মোঃ হাফিজুর রহমান
সদস্য সচিব আঞ্চলিক নৈতিকতা
কমিটি
ও
মুখ্য কর্মকর্তা

মোশারফ হোসেন
আস্থায়ক, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-০১ ও ০২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (প্রশাসন মহাবিভাগ), বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
- ০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, রাজবাড়ী।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চল, রাজবাড়ী।
- ০৯। অফিস নথি।